# জুলাই যোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান ঢাবি ভিসির

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

প্রকাশ: ০২ আগস্ট, ২০২৬ ২২:৩৮




ছবি: কালের কণ্ঠ

জুলাই যোদ্ধাদের স্বপ্ন পূরণে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি

বলেন, আমরা এমন এক বাংলাদেশ ফিরে পেতে চাই—যেখানে কোনো বৈষম্য থাকবে না, মানুষ স্বাধীনভাবে কথা বলতে পারবে এবং সর্বত্র সুশাসন প্রতিষ্ঠিত হবে।

রবিবার (২ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের সেন্ট্রাল গ্যালারিতে ‘জুলাই গণ-অভ্যুত্থান: শিক্ষা ও আগামীর বাংলাদেশ’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে জীববিজ্ঞান অনুষদ এই সেমিনারের আয়োজন করে।

উপাচার্য তাঁর বক্তব্যে ইতিহাস থেকে শিক্ষা নিয়ে মানবকল্যাণে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ইতিহাস কাউকে ক্ষমা করে

না।

অত্যাচার-নির্যাতন ও দমন-পীড়ন করে কেউ ক্ষমতায় টিকে থাকতে পারে না। ব্রিটিশ শাসন, পাকিস্তানি শাসকগোষ্ঠী এবং এরশাদ সরকারের পতনের উদাহরণ টেনে তিনি বলেন, ইতিহাস থেকে শিক্ষা না নেওয়ায় ২০২৪ সালের ৫ আগস্ট ফ্যাসিস্ট শেখ হাসিনাকে দেশ ছেড়ে পালাতে হয়েছে। তার এ পলায়ন প্রমাণ করেছে ‘অহংকার পতনের মূল’। অন্যকে তুচ্ছজ্ঞান ও অসম্মান করার পরিণতি এমনই হয় উল্লেখ করে উপাচার্য বলেন, দেশের সব সরকারপ্রধানকেই এখান থেকে শিক্ষা গ্রহণ করতে হবে।

জীববিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. আবদুল করিমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদ্দেদী আলফেছানী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান ড. মো. আখতার হোসেন খান। স্বাগত বক্তব্য দেন মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ এইচ এম জুলফিকার আলী।

এদিকে জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও বিভাগে নানা কর্মসূচি পালিত হচ্ছে। শনিবার রাতে অমর একুশে হলে আয়োজিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টির মুখ্য সংগঠক সারজিস আলম।

এছাড়া রবিবার সন্ধ্যায় জগন্নাথ হলে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপাচার্য।

এর ধারাবাহিকতায় আগামীকাল সোমবার (৩ আগস্ট) পদার্থবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগের উদ্যোগে আলোচনা সভা ও সেমিনার এবং মঙ্গলবার (৪ আগস্ট) ফলিত গণিত বিভাগের উদ্যোগে আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।